Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



৩৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২রা আশ্বিন বুধবার ১৩৫৮ ইংরাজী 19th Sept. 1951 | ১৯শ সংখ্যা



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

২রা আশ্বিন বুধবার সন ১৩৫৮ সাল।

# ত্রেতাযুগের রামরাজ্য ও কলিযুগের রামরাজ্য

—•—

ত্রেতাযুগে অযোধ্যা নগরে সূর্য্যবংশীয় রাজা দশরথের জ্যেষ্ঠপুত্র রামচন্দ্র আদর্শ নরপতি ছিলেন। তাঁহার রাজ্যে প্রজাগণ পরম সুখে কালাতিপাত করিত। যে রাজ্যে প্রজাসাধারণের অন্ন বস্ত্রাদির কোন কষ্ট নাই, যে রাজ্যে রাজা দুষ্টের দমন শিষ্টের পালন করেন তাহাকে রামরাজ্যের সহিত তুলনা করা হয়।

মহারাজা দশরথ রামচন্দ্রকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবার অভিপ্রায় প্রকাশ করায় তাঁহার দ্বিতীয়া পত্নী কৈকেয়ী সেই সময়ে তাঁহার পরিচারিকা কুটবুদ্ধিশালিনী মন্থরার কুপরামর্শে স্বামী মহারাজা কর্ত্তৃক অঙ্গীকৃত দুইটী বর এই সময়ে প্রার্থনা করিয়া বসেন। এক বরে রামচন্দ্রের চতুর্দ্দশ বৎসর বনবাস ও অন্য বরে তাঁহার পুত্র ভরতকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবার অভিলাষ জ্ঞাপন করেন। পুত্রবৎসল দশরথ এই নিদারুণ বাণী শ্রবণ করিয়া মূর্চ্ছিত হইয়া পড়েন। রামচন্দ্র তদীয় বিমাতা কৈকেয়ীকে পিতার মূর্চ্ছার কারণ জিজ্ঞাসা করিয়া জানিতে পারিলেন যে তাঁহার সত্যবদ্ধ পিতৃদেব পুত্রের নির্ব্বাসন নিজ মুখে প্রকাশ করিতে না পারিয়া মূর্চ্ছিত হইয়া পড়িয়াছেন। রামচন্দ্র জন্মদাতাকে সত্যমুক্ত করিবার জন্য পত্নী সীতা এবং অনুজ লক্ষ্মণকে সঙ্গে লইয়া রাজ্যাভিষেকের পরিবর্ত্তে বনবাসে গমন করিলেন। মহারাজ দশরথের এই মূর্চ্ছা আর ভাঙ্গিল না, তিনি মানবলীলা সংবরণ করিলেন। কৈকেয়ী-নন্দন ভরত তখন মাতুলালয় নন্দীগ্রামে ছিলেন। পিতার মৃত্যু সংবাদে অযোধ্যানগরে আসিয়া ছুটিলেন রামচন্দ্রকে অযোধ্যায় ফিরাইয়া আনিবার জন্য। চিত্রকুট পর্ব্বতে জ্যেষ্ঠের সাক্ষাৎ পাইলেন। সত্যসন্ধ রামচন্দ্র কোনক্রমেই ফিরিলেন না। ভরত মাতুলালয় নন্দীগ্রামে সিংহাসনে অগ্রজের পাদুকা স্থাপন করিয়া তাঁহার নামে রাজ্যশাসন করিতে লাগিলেন।

দণ্ডকারণ্যে অবস্থানকালে লঙ্কেশ্বর নিশাচর রাবণ কপট সন্ন্যাসীর বেশে সীতাকে হরণ করিয়া লইয়া গেল। রামচন্দ্র বানররাজ সুগ্রীবের সহিত মিত্রতা করিয়া বানরসৈন্যের সাহায্যে সবংশে রাবণ বধ করিয়া সীতাদেবীর উদ্ধার সাধন করিলেন।

রাবণ গৃহে দীর্ঘদিন অবস্থান জন্য সীতার সতীত্ব সম্বন্ধে সাধারণে সন্দেহ প্রকাশ করে বলিয়া শ্রীরামচন্দ্র তাঁহাকে তাঁহার পবিত্রতার প্রত্যক্ষ পরীক্ষা দিতে বলায় তিনি সর্ব্বসমক্ষে অগ্নিপরীক্ষা দিয়া সকলের সন্দেহ অপনোদন করিলেন। চতুর্দ্দশ বৎসর অতীত হইলে রামচন্দ্র অযোধ্যায় প্রত্যাগমন করিয়া ভরতের নিকট রাজ্যভার গ্রহণ করিলেন। তাঁহার সুশাসনে প্রজারা যার-পর-নাই সুখে দিন যাপন করিতে লাগিলেন। এইরূপে সপ্তবিংশতি বর্ষ অতিবাহিত হইল।

একদা রাজা রামচন্দ্র গুপ্তচর মুখে অবগত হইলেন যে মা-জানকী দীর্ঘকাল দুর্বৃত্ত রাবণ-গৃহে একাকিনী ছিলেন বলিয়া কোন কোন প্রজা তাঁহার চরিত্র সম্বন্ধে কুৎসা রটনা করিয়া থাকে। প্রজারঞ্জক রাজা রামচন্দ্র স্বয়ং অগ্নিপরীক্ষা লইয়া জানকীকে নিষ্কলঙ্কা ও নিরাপরাধিনী জানিয়াও প্রজারঞ্জনের অনুরোধে পূর্ণ গর্ভাবস্থায় তাঁহাকে বাল্মীকির তপোবনে পরিত্যাগ করিয়া আসিবার জন্য লক্ষ্মণকে আদেশ করিলেন। নিন্দুক প্রজাসাধারণের শিরশ্ছেদ না করিয়া স্বীয় সহধর্ম্মিণী সীতাকে নির্ব্বাসিতা করিলেন। রামরাজ্যের আইন ছিল এবম্প্রকার।

আমরা এক জমিদার বাবুর গৃহের কলঙ্ককালিমা সম্বন্ধে এক গল্প শুনিয়াছি। নিজের অপযশ গোপন রাখিবার জন্য যে রাজনীতি প্রয়োগ করিয়াছিল তাহাও বেশ অভিনব। জমিদারের মন্ত্রীস্থানীয় দেওয়ানজী রাজাকে মন্ত্রণা দিলেন। রাজা তদনুসারে জমিদারীতে ঢোল সহরৎ দ্বারা ঘোষণা করিবার ব্যবস্থা করিলেন। ঢুলি ঢোল ঘাড়ে লইয়া চীৎকার করিতে লাগিল—ভাইরে! হুকুম জমিদার বাবুর যে প্রজা অন্দরের ব্যাপার লইয়া কানাঘুসা করিবে তার ঘরবাড়ী ভাঙিয়া মহাল হইতে তাড়াইয়া দেওয়া হইবে। এই সাবধানতার জন্য ব্যাপারটি যে জানিত না সেও জানিল।

আমাদের বর্ত্তমান রাষ্ট্রকে রামরাজ্যের ছাঁচে গড়িবার পরিকল্পনা প্রায় শোনা যাইতেছে। রাষ্ট্রনায়কগণ যেভাবে রাষ্ট্র পরিচালনা জন্য আইন প্রণয়ন করিতে আরম্ভ করিয়াছেন তাহাতে অন্ন না পাইলেও খালি পেটে পায়স-পিষ্টকের উদ্গার তুলিতে হইবে। বস্ত্রাভাবে উলঙ্গ থাকিলেও বিনা বস্ত্রে কোঁচা ঝুলাইতে হইবে। কর্ত্তারা নিজেরাই বলিতেছেন যে কংগ্রেস এবং কংগ্রেস সরকার দুর্নীতিতে দূষিত হইয়াছে। কিন্তু কাগজওয়ালারা এদের কেলেঙ্কারীর কথা যাহাতে প্রকাশ করিতে না পারে, এই সাধারণ নির্ব্বাচনের পূর্ব্বে তেমনি আইন তৈরী করিয়া ছাপাখানার ভূতগুলিকেও সায়েস্তা করার ব্যবস্থা করা হইতেছে। দশরথের মত সত্যবদ্ধ পিতাকে মুক্ত করার জন্য আজ রামের মত জ্যেষ্ঠ পুত্র বনে তো যাইবেই না, বরং মিতাক্ষরার বিধান দেখাইয়া রাজ্যের বখরা লইবার চেষ্টা করিবে। যাহাতে ভাইয়ে ভাইয়ে, ভগ্নীতে ভাইয়ে, স্বামীতে স্ত্রীতে, প্রীতি না থাকে তাহার জন্য নব নব বিল ও আইনের জন্ম অবশ্যম্ভাবী। ত্রেতার বৈমাত্রেয় ভাই ভরত ও লক্ষ্মণের ভ্রাতৃভক্তির সঙ্গে আজ জ্যেষ্ঠের প্রতি অনুজের ভক্তির তুলনা করিতে সাহস হয় না।

আজ কত বয়ঃকনিষ্ঠ ভরত বয়োজ্যেষ্ঠ রামকে গদিচ্যুত করিবার জন্য ফন্দী ফিকির করিতে ব্যস্ত। আজ দাম্পত্যকলহ আর "বহ্বারম্ভে লঘুক্রিয়া" বলিলে চলিবে না, সঙ্গে সঙ্গে খোরপোশের মামলা দায়ের করিবার মুরুব্বির অভাব নাই। কলির রামরাজ্য মানিয়া লইয়া—মুখে

"রঘুপতি রাঘব রাজারাম,
পতিতপাবন সীতারাম"

গান করিলেও অন্তরের কথা—

সাচ কহে তো মারে লাঠ্ঠা
ঝুটি জগৎ ভুলায়,
গোরস গলি গলি ফিরে,
সুরা বৈঠল বিকায়।

চোরকো ছোড়ে সাধ্‌কো বাঁধে
পথিককো লাগাওয়ে ফাঁসি
ধন্য কলিযুগ তেরী তামাসা
দুখ লাগে আউর হাঁসি।"

---

## শোক সংবাদ

জঙ্গিপুরের স্বনামধন্য উকীল স্বর্গীয় রামযাদু রায় মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র গোকুলচন্দ্র রায় মহাশয় বহরমপুর হাসপাতালে নশ্বর মানবদেহ পরিত্যাগ করিয়া পরলোক গমন করিয়াছেন। বৎসর কয়েক পূর্ব্বে তিনি গোরাবাজারে বাটি নির্ম্মাণ করাইয়া সপরিবারে সেখানে বাস করিতেছিলেন। তিনি তিন পুত্র, দুই কন্যা ও বিধবা পত্নী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার সদ্গতি কামনা করি।

---

## দশ বস্তা সিমেণ্ট

সাপ্লাই বিভাগের ২৯৬৬ এস, ডি, ১৭ই আগষ্ট ১৯৫১ এর কলিকাতা গেজেটে প্রকাশিত আদেশ অনুসারে যে কোন ব্যক্তি প্রতি মাসে সাধারণতঃ এতৎপ্রদেশে প্রচলিত সমস্ত প্রকার সিমেণ্ট ১০ বস্তা যে কোন লাইসেন্সপ্রাপ্ত সিমেণ্ট ব্যবসায়ীর নিকট বিনা পারমিটে কিনিতে পাইবেন। ইহার জন্য কোন বিভাগীয় কর্ম্মচারীর নিকট দরবার করিতে হইবে না। দোকানে মাল থাকিলে প্রত্যেকেই পাইতে হকদার।

---

## রেলিংবিহীন সাঁকো

সাগরদীঘি থানার অন্তর্গত জেলাবোর্ডের রাস্তায় জালবান্ধা সাঁকোর দুই পার্শ্বে রেলিং না থাকায় গোগাড়ী ও মহিষের গাড়ী চলাচল আশঙ্কাজনক হইয়াছে। দিন কয়েক পূর্ব্বে বাবুরীগ্রামের একখানি মহিষের গাড়ীর একটী মহিষ উক্ত সাঁকো হইতে পড়িয়া গিয়া ভীষণভাবে জখম হইয়াছে। আমরা আশা করি জেলাবোর্ড কর্ত্তৃপক্ষ এ বিষয়ে দৃষ্টিপাত করিবেন।

---

# Notice.

It is hereby published for general information that the rolls of the Birbhum Parliamentary Constituency have been formally published on 8th September, 1951 at the office of the undersigned under section 22A(2) of the Representation of People Act, 1950. The defective and erroneous entries, if any, in the rolls may still be amended on application submitted to the undersigned under section 25 (b) of the said Act by the elector concerned before the 30th September, 1951, if the undersigned is satisfied that the entry relates to the applicant.

Commissioner's Office,
Burdwan Division,
Chinsurah
The 8th Sept., 1951.

Sd/- B. SARKAR,
Commissioner, Burdwan Division &
Electoral Registration Officer of the Birbhum
Parliamentary Constituency.

---

# NOTICE.

## WEST BENGAL STATE ASSEMBLY.

Electoral Roll of Farakka and Suti Constituencies.

A final list of voters in this part of the above named roll is published for general information.

Application for correction of any defective or erroneous existing entries in the roll may be submitted to the undersigned by the elector concerned under section 25 (b) of the Representation of People Act, 1950 by 30/9/51.

K. C. CHAKRABORTY,
Electoral Registration Officer,
Farakka and Suti Assembly Constituencies,
Subdivisional Officer, Jangipur.

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১২ই নভেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

১৫৫ থাং ডিঃ লুটবিহারী দত্ত দেং ঋষিকেশ দাস দিং দাবি ২০।৶০ থানা স্থতী মৌজে সাদিকপুর ৬।০ বিঘার কাত ৫॥০ আঃ ২৲ থং ৫৮৫

১৫৬ থাং ডিঃ ঐ দেং মহীন্দ্রনাথ মণ্ডল দিং দাবি ১৮৸৵৯ মৌজাদি ঐ ১৮২ শতকের কাত ৫৻১ পাই আঃ ২৲ থং ২২২

২৭৭ থাং ডিঃ দেবেন্দ্রনাথ সিংহ দিং দেং জয়লাল বিশ্বাস দিং দাবি ১৮৸৶৬ থানা স্থতী মৌজে মহেশাইল ৬৩ শতকের কাত ১।৩৲ আঃ ৫৲ থং ১৬০৩

২৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৲।০ মৌজাদি ঐ ৪৸৪॥০ জমির কাত ৪।৵১ আঃ ২০৲ থং ১৬০২

৪২৪ থাং ডিঃ কালীপদ সিংহ দিং দেং হরেন্দ্রনারায়ণ সাহা দিং দাবি ২৩৸/৯ থানা স্থতী মৌজে দফাহাট ৯৯ শতকের কাত ৩৲ আঃ ২০৲ থং ৩৩৮

৩৭১ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং রমণীরঞ্জন দাষ দিং দাবি ৩৯৻৯ থানা স্থতী মৌজে হিলোড়া ৫৭ শতকের কাত ২৸৵৩ আঃ ১০৲ থং ৪৭৮

৩৭২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৸৶৯ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১৻৪ আঃ ৫৲ থং ৬০০

৩৭৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৸/৩ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ১৯০৩।১৮৪

৩৭৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৲ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ৩/০ আঃ ৫৲ থং ৪৬৮

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১২ই নভেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৩৭৯ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং রমণীরঞ্জন দাষ দিং দাবি ২৫॥৶৬ থানা সুতী মৌজে হিলোড়া ১২০ শতকের কাত ১৬৩ আঃ ৫৲ খং ৪৫১

৩৮০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৶৩ মৌজাদি ঐ ১৭ শতকের কাত ২৬৵৮ আঃ ১০৲ খং ৪৭৫

৩৮১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪৬৶০ মৌজাদি ঐ ৬৭ শতকের কাত ১॥৶৬ আঃ ৫৲ খং ৪৮০

৩৮২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪॥৵০ মৌজাদি ঐ ৬৩ শতকের কাত ৩।৵০ আঃ ১০৲ খং ৫৪০

৩৮৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৭১৬৩ মৌজাদি ঐ ২৪৮ শতকের কাত ৩৬৵১ আঃ ১০৲ খং ৫৩০

৩৮৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৫।/০ মৌজাদি ঐ ১৮৩ শতকের কাত ৯/০ আঃ ২০৲ খং ৫৪৪

৩৯৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৪৬০ মৌজাদি ঐ ২০৬ শতকের কাত ৮।৵১০ আঃ ২০৲ খং ৪৮১

৩৯৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৫।/৬ মৌজাদি ঐ ১৫৪ শতকের কাত ১৬৲ আঃ ৫০৲ খং ৪৮৪

৩৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৬॥৶৬ মৌজাদি ঐ ২৪৮ শতকের কাত ৩৬৵১ আঃ ১০৲ খং ৫৩৯

৪০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭।৵৬ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ৩৬৵০ আঃ ১০৲ খং ৪৬৭


৩৭৩ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং ঐ দাবি ২৯।/৯ মৌজাদি ঐ ৫৩ শতকের কাত ২।০ আঃ ৫৲ খং ৪৬৬

৩৮৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪।৵৯ মৌজাদি ঐ ১২৯ শতকের কাত ১॥/৬ আঃ ৫৲ খং ৩৭৬

২৬৭ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং রায় জ্ঞানেন্দ্র-নারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ১৮॥৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মহাম্মদপুর ৮১ শতকের কাত ২।৶০ আঃ ১০৲ খং ১২৩

২৬৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৬/০ মৌজাদি ঐ ৩-১২ শতকের কাত ১৯।৵৬ পাই আঃ ৪০৲ খং ১২৪ অধীনস্থ খং ১২৫ হইতে ১২৯ পর্য্যন্ত

———




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত